জীবননগরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

জীবননগরে গলাই মাপলার ঝুলিয়ে আত্মহত্যা করার অভিযোগ উঠেছে। তবে আত্মহত্যা নাকি হত্যা এ নিয়ে শুরু হয়েছে ধ্রবজাল।

গতকাল শনিবার সকালে জীবননগর পৌর শহরের লক্ষীপুর পাবনা পাড়ায় এ ঘটনা ঘটেছে। আত্মহত্যাকারী মহেশপুর উপজেলার সামন্তা গ্রামের মৃত আহম্মদ আলীর ছেলে খলিলুর রহমান (৪০)।

স্থানীয় সুত্রে জানা গেছে, পাবনা পাড়ার অঞ্জনাদের বাড়িতে সে প্রায় আসতো গত শুক্রবার রাতেও এসেছিলো হঠাৎ সকালে তার বাড়ি থেকে গলাই মাপলার জড়ানো অবস্থায় লাশ উদ্ধার করা হয়েছে।

আসলে সে আত্মহত্যা করেছে নাকি তাকে হত্যা করা হয়েছে। এটা এখন সাধারণ মানুষের মধ্যে ধ্রবজালের সৃষ্ঠি হয়েছে।

তথ্যনুসন্ধানে জানা গেছে, অঞ্জনা দীর্ঘ দিন যাবৎ বোম্বে থাকে এবং তার বিরুদ্ধে মহিলা পাচার করার ও অভিযোগ আছে। সে স্থানীয় কিছু ক্ষমতাশীন দলের নেতাকর্মীদের ছত্রছায়ায় এ সমস্থ কাজ করে থাকে।

সেই সুত্রে তার বাড়িতে বিভিন্ন এলাকা থেকে লোক জনের যাতায়াত রয়েছে। এদিকে ঘটনার পর থেকে অঞ্জনার বাড়িতে কাউকে পাওয়া যায়নি।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) ফৈরদৌস ওয়াহিদ বলেন, লক্ষীপুর গলাই মাপলার ঝুলিয়ে আত্বহত্যা করেছে এ সংবাদ শুনে আমরা ঘটনা স্থানে যায় এবং লাশটি উদ্ধার করে চুয়াডাঙ্গায় ময়না তদন্তের জন্য পাঠানো হয়েছে।

পোস্ট মর্ডামের পর আসল ঘটনা যানা যাবে। তা ছাড়া এ ঘটনার বিষয়ে এখন কেউ অভিযোগ দায়ের করেনি। অভিযোগ পেলে তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

মেপ্র/ আরপি

জীবননগর সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদায় ও বরণ

জীবননগরে এসএসসি পরীক্ষার্থীদের বিদায় ও নবীণ শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর থানা সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের আয়োজনে ২০২০ সালের এস এস সি পরীক্ষার্থীদের বিদায় ও নতুন শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা ,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম,প্রধান শিক্ষক যাদব কুমার প্রমাণিক,পৌর কাউন্সিলার আবুল কাশেম প্রমুখ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন শিক্ষক আ.খ.ম সালাউদ্দিন কবির ।

জীবননগরে দ্রুতগতির মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধ

নিহত

চুয়াডাঙ্গার জীবননগরে সড়ক দুর্ঘটনায় এক বৃদ্ধ নিহত হয়েছেন। গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার দিকে জীবননগর উপজেলার হাসাদহ খাপাড়ায় দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় বাইসাইকেল আরোহী জালাল উদ্দিন
(৬৫) নিহত হন।

তিনি উপজেলার সুটিয়া গ্রামের মৃধাপাড়ার মৃত সাজেদুর রহমানের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, মঙ্গলবার বিকেলে জালাল উদ্দিন বাইসাইকেলযোগে মাঠে যাচ্ছিলেন। এ সময় দ্রুতগতির একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়।

তিনি বাইসাইকেল থেকে পিচ রাস্তায় উপর পড়ে মারাত্মক জখম হন। পথচারীরা তাকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভর্তি করলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. পার্থ সারথী পাল বলেন, সড়ক দুর্ঘটনায় জালাল উদ্দিনের মাথায় আঘাত লাগার ফলে তার কান এবং নাক দিয়ে প্রচুর রক্তক্ষরণ হওয়ায় মৃত্যু হয়েছে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ঘটনার সত্যতা স্বীকার করেন।

জীবননগরে পাঁচটিকে জরিমানা এবং দুটি ইটভাটা বন্ধ

নিয়মনীতি উপেক্ষা করে ইট প্রস্তুত করায় চুয়াডাঙ্গার জীবননগরে পাঁচটি ইটভাটাকে দুই লাখ ৮০ টাকা জরিমানা এবং অনুমোদনহীন দুটি ইটভাটা বন্ধ করে দিয়েছে ভ্রাম্যমাণ আদালতের বিচারক।

মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসনের এনডিসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সিব্বির আহমেদ জীবননগরের পাঁচটি ভাটায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, নিয়মনীতি উপেক্ষা করে ইটভাটা স্থাপন ও ইট প্রস্তুতের দায়ে জীবননগর উপজেলার এএনজেএম ব্রিক্সের মালিক জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলমকে দেড় লাখ, এআরবি ব্রিক্সের মালিক আরিফুজ্জামানকে ২০ হাজার, শাহ ইটভাটার মালিক এসএম শামীমকে ৩০ হাজার, সরকার ইটভাটার মালিক শাকিলুজ্জামানকে ৬০ হাজার এবং এমএআর ব্রিক্সের মালিক আসাদুল হককে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় অনুমোদন না থাকায় এআরবি ব্রিক্স ও শাহ ইটভাটার কার্যক্রম বন্ধ করে দেয়া হয়।

মেপ্র/ইএম

জীবননগরে প্রবীণদের মাঝে শীতবস্ত্র বিতরণ করলেন জেলা প্রশাসক

জীবননগরে প্রবীণদের মাঝে শীতবস্ত্র কম্বল, বয়স্কভাতা ও হুইল চেয়ার বিতারণ করা হয়েছে।

গতকাল সোমবার দুপুর ২টার সময় জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়ন প্রবীণ কমিটির আয়োজনে বাঁকা ইউনিয়ন পরিষদ চত্তরে কম্বল বিতরণ করা হয়।
বাঁকা ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি সাবেক শিক্ষক রশিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। তিনি প্রবীণদের মাঝে শীতবস্ত্র কম্বল, বয়স্ক ভাতা ও প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন।

এ তিনি বলেন, প্রশাসন এখন জনবান্ধব সাধারণ জনগনের সেবার জন্য প্রশাসন সব সময় প্রস্তুত। প্রবীণদের জীবনমান উন্নয়নরে জন্য আমাদের সকলকে এগিয়ে আসতে হবে।

নুজরাত পারভিনের উপস্থাপনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোতুর্জা, বাঁকা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সাখাওয়াত হোসেন ফরজ, বাঁকা ইউপি সদস্য আব্দুল মান্নান, ওয়েভ ফাউন্ডেশনের সমন্বকারী কামরুজ্জামান যুদ্ধ প্রমুখ।

- জীবননগর প্রতিনিধি

আন্তর্জাতিক অভিবাসন দিবস বিতর্ক প্রতিযোগিতায় জীবননগরের সুমাইয়া ও তার দল বিজয়ী

আন্তর্জাতিক অভিবাসন দিবস উদযাপনে বিতর্ক প্রতিযোগিতায় সুমাইয়া বিনতে হাকিম ও তার দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

গত বুধবার এটিএন বাংলার ডিবেট ফর ডেমোক্রাসি এর আয়োজনে এটিএন বাংলা স্টুডিওতে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

‘শুধু আইনের প্রয়োগ নয় সামাজিক সচেতনতায় পারে নিরাপদ অভিবাসন নিরসন করতে’ প্রতিপাদ্য বিষয় নিয়ে ঢাকার লালমাটিয়া মহিলা কলেজ ও সরকারি বাংলা কলেজের দুটি দল চূড়ান্ত প্রতিযোগীতায় অংশগ্রহণ করে।

লালমাটিয়া মহিলা কলেজের পক্ষ থেকে সুমাইয়া বিনতে হাকিম ও তার দল অংশগ্রহণ করে বিজয় অর্জন করে।

মানুষের জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান রিনা দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান। সুমাইয়া বিনতে হাকিম জীবননগর পৌর এলাকার হাইস্কুলপাড়ার আব্দুল হাকিম এর জ্যেষ্ঠ্য কন্যা।

- জীবননগর প্রতিনিধি

জীবননগরে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প

জীবননগরে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে উপজেলার সীমান্ত ইউনিয়নের হলরুমে ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

সীমান্ত ইউপি চেয়ারম্যান ময়েন উদ্দিন মঈনের সভাপিেতেত্ব ফ্রি চক্ষু মেডিকেল ক্যাম্প অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে রোগীদের চিকিৎসা প্রদান করেন ডা. আবু এহসান মো: ওয়াহেদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান, ইউপি সদস্য ইমাদ আলী, ওয়েভ ফাউন্ডেশনের সমন্বকারী আশরাফুজ্জামান প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন লিটন।

- জীবননগর প্রতিনিধি

জীবননগরে ফেন্সিডিলসহ শাহজালাল আটক

জীবননগরে পুলিশের মাদক বিরোধী অভিযানে ১৮০ বোতল ফেন্সিডিলসহ শাহজালাল আটক হয়েছে।

গত মঙ্গলবার রাত সাড়ে ১২টার সময় জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার এস আই নাহিরুল, এ এস আই হাবিব সহ সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর শহরে মদ বিরোধী অভিযান পরিচালনা করে জীবননগর উপজেলার কেডিকে ইউনিয়নের খয়েরহুদা গ্রামের হাইস্কুল পাড়ার তারাচাঁন সরদারের ছেলে শাহজালাল (৪৫)’কে ১৮০ বোতল ফেন্সিডিলসহ আটক করে পুলিশ।
এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।
- জীবননগর প্রতিনিধি

কুড়ুলগাছিতে শওকত আলীর মিথ্যা অভিযোগে বেকায়দায় রশিদ

জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের দূর্গাপুর গ্রামের মুনছুরের ছেলে সুদ ব্যাবসায়ী শওকত আলীর করা কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদে মিথ্যা অভিযোগে বেকায়দায় পড়েছে একই গ্রামের মৃত:জলিলের ছেলে রশীদ। শওকত আলীর সাথে রশিদের পারিবারিক একটি বিষয় নিয়ে দীর্ঘদিন ধরে অশান্তি চলে আসছে। এ সুযোগে সুদ ব্যাবসায়ী শওকত আলী গ্রামে প্রচার চালায় সে রশিদের কাছে ১ লক্ষ ৬০ হাজার টাকা পাবে। সে দিচ্ছেনা। তারপর সুচুতুর শওকত আলী তার সুদ ব্যাবসার সহযোগীতাকারী জয়নালের ছেলে শফিকুল,সদর উদ্দীনের ছেলে খোকন,তিন কুড়ির ছেলে সাইফুলকে মিথ্যা স্বাক্ষী করে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদে নালিশ করে বসে।

এ ঘটনায় রশিদ জানান, তার একটা ছেলে বিদেশে পাঠিয়ে সে চরম বেকায়দায় তার কোন কাজ কাম নেই। এর মধ্য শওকত তাকে নানান সময়ে বিভিন্ন হুমকি ধামকি দিচ্ছে। তিনি আরো জানান শওকতের হুমকির কারনে তিনি চরম নিরাপত্তাহীনতায় ভুগছেন। এ বিষয়ে জানতে শওকতের সাথে কথা বললে তিনি জানান তিনি কাউকে হুমকি ধামকি দেননি। টাকা পাবেন বলেই তো ইউনিয়নে পরিষদে অভিযোগ করেছেন।
এ বিষয়ে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মো:এনামুল করিম ইনু জানান এ বিষয়ে একবার বসা হয়েছে সামনে আরেকটা তারিখ আছে বসার জন্য সেদিন স্বাক্ষীদের স্বাক্ষী নিয়ে যাচাই বাছাই করে সিদ্ধান্ত নেওয়া হবে।

দামুড়হুদা প্রতিনিধি:

জীবননগর প্রেসক্লাবের প্রয়াত সভাপতির স্মরণে শোক সভা ও দোয়া মাহফিল

সত্যের ফুল ফুটুক কলমে’ স্লোগান দিয়ে জীবননগর প্রেসক্লাবের প্রয়াত সভাপতি আনোয়ারুল কবির এর স্মরণে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠান আয়োজন করে দর্শনা প্রেসক্লাব।

গত ১৭ই নভেম্বর জীবননগর প্রেস ক্লাবের একাধিক বারের নির্বাচিত সভাপতি আনোয়ারুল কবির নিজ বাড়ি ধোপাখালী গ্রামে গুরুত্বর অসুস্থ হয়ে পড়লে সেই সময় পরিবারের সদস্যরা তাকে চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

তার মৃত্যতে শোক প্রকাশ করে দোয়া অনুষ্ঠান করে দর্শনা প্রেসক্লাব। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন।

আরও উপস্থিত ছিলেন মো: কামরুজ্জামান যুদ্ধ, মো: মনিরুজ্জামান সুমন, ইকরামুল হক পিপুল, হারুন আর রশিদ রাজু, চঞ্চল মাহমুদ, এস এম ওসমান, রাহিব আহম্মেদ মল্লিক, মেহেদী হাসান, শহিদুল ইসলাম, আলমগীর হোসেন, নুরুল আলম বাকু, আহসান হাবিব মামুন, মঞ্জুর আহমেদ, নজরুল ইসলাম, সাব্বির আলিম, হানিফ মন্ডল, মাহমুদ হাসান রনি, অহিমুদ্দিন, তারিখ হাসান, ইয়াসিন আরাফাত মিলন, ইমতিয়াজ আহমেদ রয়েল, ফরহাদ হোসেন সহ সকল সাংবাদিক বৃন্দ ও পিএকা বিতরণ কর্মীগণ।

মিলাদ মাহফিলে দোয়া করেন কেরুজ জামে মসজিদের পেশ ইমাম নেছার উদ্দিন।

- দর্শনা প্রতিনিধি